# প্রাণিসম্পদ অধিদপ্তরের ইনোভেশন টিমের ১৪/০৮/২০১৮ খ্রি: অনুষ্ঠিত মাসিক সভার কার্যবিবরণী-

অদ্য ১৪/০৪/২০১৮ খ্রি: রোজ মঙ্গলবার প্রাণিসম্পদ অধিদপ্তরের ইপিডেমিওলজি শাখায় ইনোভেশন টীমের মাসিক সভা ইনোভেশন অফিসার ডা: বশীর আহমেদ সাহেবের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় উপস্থিত সকল কর্মকর্তার নামের তালিকা পরিশিষ্ট-১ তে সংযুক্ত করা হ'ল।

সভাপতিঃ ডাঃ বশীর আহমেদ

সভার স্থানঃ ইপিডেমিওলজী বিভাগ

তারিখঃ ১৪.০৮.১৮- রোজ- মঙ্গলবার

সময়ঃ সকাল ১১.০০ ঘটিকা

সভার আলোচ্যসূচী-

১। ১০.০৭.১৮ তারিখের কার্যবিবিরণী ফলোআপ ও অনুমোদন
২। ২০১৮-১৯ সালের বাজেট বিভাজন।
৩। ইউনিয়ন পর্যায়ে সেবাকেন্দ্র স্থাপন বিষয়ে আলোচনা
৪। SMS sarrvice আপডেট বিষয়ে আলোচনা
৫। প্রশিক্ষণ সংক্রান্ত বিষয়ে আলোচনা
৬। বিবিধ।

সভাপতি সভায় উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর তিনি উপস্থিত সকলকে আজকের সভার আলোচ্যসূচী অনুযায়ী আলোচনা এবং মতামত প্রদানের জন্য অনুরোধ করেন।

আলোচ্যসূচীঃ

১। সভার শুরুতে ডাঃ মোঃ রফিকুল ইসলাম গত ১০.০৭.১৮ তারিখের সভার কার্যবিবরণীর আলোকে মিটিং শুরু করেন। তিনি বলেন যে, প্রাণিসম্পদ অধিদপ্তরের অনলাইন প্রোগ্রাম এর আওতায় ফার্ম রেজিস্ট্রেশনের জন্য কার্যকরী ব্যবস্থা গ্রহন করা প্রয়োজন। গাজীপুর জেলার ৪টি উপজেলায় প্রাথমিক ভাবে পাইলটিং করা হবে। উপজেলাগুলো হলো- গাজীপুর সদর, কালিয়াকৈর, কাপাসিয়া ও শ্রীপুর। খামারীদের প্রশিক্ষণ ও কর্মশালা বাবদ ৬ (ছয়) লক্ষ টাকা বরাদ্দ রাখার প্রস্তাব করা হয়। বিষয়টি জনগুরুত্ব বিধায় সর্বসম্মতিক্রমে প্রস্তাবটি গৃহীত হয়। কার্যক্রম বাস্তবায়নের জন্য ডাঃ মোখলেছুর রহমান প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য নির্দেশনা প্রদান করা হয়

২। ২০১৮-২০১৯ অর্থ বৎসরের E- vet. Service এর কার্যক্রম সম্পাদন করার জন্য ৬৫ লক্ষ টাকা বরাদ্দ রাখা হয়েছে। সংশ্লিষ্ট ঠিকাদারী প্রতিষ্ঠানকে অবশিষ্ট কাজ যথাসময়ে সম্পাদন করার জন্য নির্দেশনা প্রদান করা হয়। ই-ভেট সার্ভিসের সাথে সংশ্লিষ্ট তিনটি উপজেলার প্রশিক্ষণ কার্যক্রম সম্পন্ন করার প্রস্তাব করা হয়। অধিদপ্তরের উর্ধতন কর্তৃপক্ষের উপস্থিতিতে ২০১৭-১৮ অর্থবৎসরের কাজের উপরে একটি অভ্যন্তরিন **অবহিতকরণ কর্মশালা** আয়োজনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। এ ব্যাপারে কার্যক্রম গ্রহণ করার জন্য ই-ভেট সার্ভিসের টীম লিডার ড. সৈয়দ আলী আহসানকে নির্দেশনা প্রদান করা হয়।

কর্মশালার দিক নির্দেশনা/কর্মসূচি হলো-

E-vet জন্মকথা- ড.আলী আহসান -০৩ মিনিট।

Reve system-০৫ মিনিট

Demo presentation- ডা. মোখলেছ ০৫ মিনিট

E-vet service এর input/ প্রয়োজনীয় উপকরণ একটি কমিটির মাধ্যমে সংযোজন করা হবে। ইনোভেশন অফিসার এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন। ই-ভেট সার্ভিস বিষয়ে একটি পুস্তিকা প্রকাশ করা হবে । এ ব্যাপারে প্রয়োজনীয় ব্যবসথা গ্রহণের জব্য ড. আলী আহসান কে দায়িত্ব প্রদান করা হয়। জাঁক-জমকপুর্ণ অনুষ্ঠান ও গুরুত্বপুর্ণ ব্যক্তিদের উপস্থিতিতে ই-ভেট সার্ভিস launching করার ব্যবস্থা করা হবে। এব্যপারে সকলের সহযোগীতা কামনা করা হয়।

৩। ডাঃ মোঃ রফিকুল ইসলাম সভাকে জানান যে, জনগণের দোরগোড়ায় প্রাণিস্বাস্থ্যসেবা পৌছানোর লক্ষ্যে ইউনিয়ন স্বাস্থ্যসেবা কেন্দ্র চালুর কার্যক্রম চলমান রয়েছে। এ পর্যন্ত মোট ৪০ টি ইউনিয়নে এ কার্যক্রম চালু করা হয়েছে। ২০১৮-১৯ অর্থ বৎসরে ৮০ লক্ষ টাকা বাজেট পাওয়া গেছে। আরো ৪০টি ইউনিয়নে কার্যক্রম চালু করা হবে। ইউনিয়ন নির্বাচনের কাজ চলমান আছে। গত ২০১৭-১৮ অর্থ-বৎসরের ইউনিয়ন কার্যক্রমের রিপোর্ট প্রদানের জন্য সংশ্লিষ্ট বিভাগীয় উপ-পরিচালকদেরকে তাগিদ প্রদানের প্রস্তাব করা হয়। নির্বাচিত ইউনিয়নসমুহের মধ্যে কোন ইউনিয়নে কার্যক্রম চালু না হয়ে থাকলে অনতিবিলম্বে চালু করার জন্য সংশ্লিষ্ট ডিএলও ও ইউএলও কে নির্দেশনা প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

৪। প্রাণিসম্পদ অধিদপ্তরের SIPএর আওতায় Acrylic Board, ID Card, Portable digital display, Room number and monitoring digital board, laptop প্রভৃতির ব্যবস্থা করা হয়েছে। এ ব্যাপারে কার্যক্রম চলমান আছে। ২০১৮-১৯ অর্থ-বৎসরের প্রাণিসম্পদ অধিদপ্তরের SIP এর আওতায় যে সমস্ত কাজ অন্তর্ভুক্ত করা হলো=

১। প্রতি ফ্লোরে সুপেয় পানির ব্যবস্থা

২। Paddle dustbin

৩। Access control of DLS

৪। অগ্নিনির্বাপক ব্যবস্থা চালুকরণ

৫। CCTV এর আওতাবৃদ্ধি

৬। সেলফ ক্রয়।

৭। গ্রন্থাগার স্থাপন

৮। এসি আর ই-ম্যানেজমেন্ট

৯। কর্মচারী ই-ম্যানেজমেন্ট

১০। কর্পোরেট সিম ফর ডিএলএস (হেঃকোঃ)

প্রাণিসম্পদ অধিদপ্তরের SMS service চলমান রাখার জন্য software maintenance & Mobile operator connectivity maintenance খাতে বরাদ্দ রাখা প্রয়োজন। আইপি লক সহ এ খাতে ৬(ছয়) লক্ষ টাকা বরাদ্দ রাখা হয়েছে। নিরবিচ্ছিন্ন আইটি সার্ভিস প্রদানের জন্য মোঃশামীম হোসেনকে দায়িত্ব প্রদান করা হয়।

৫। সকল প্রকার ট্রেনিং যথাসময়ে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হয়।

৬। ২০১৮-১৯ অর্থ-বৎসরের উদ্ভাবণ কর্মকান্ডের উপর বার্ষিক প্রতিবেদন পুস্তিকা আকারে প্রকাশের সিদ্ধান্ত গৃহীত হয় এ খাতে ৩(তিন) লক্ষ টাকা বরাদ্দ রাখা হয়েছে। ড. মুস্তানুরকে কার্যক্রম গ্রহন করার জন্য নির্দেশনা প্রদান করা হয়।

সকল খাতে যথাসময়ে কাজ শুরু করা ও বিল পরিশোধ করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করা হয়।

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

১৪/৮/১৮

(ডা: বশীর আহমেদ)
উপ-পরিচালক ও প্রধান, ইপিডেমিওলজি ইউনিট
এবং
ইনোভেশন অফিসার
প্রাণিসম্পদ অধিদপ্তর, ঢাকা

স্মারক নং-প্রাসঅ ৩৩.০১.০০০০.৭৭৭.১৮.০০৯.১৫.২৭৬-২

তাং-১৪.০৮.১৮

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপি প্রদান করা হলো-

১। ড. মোঃ আবু সুফিয়ান,সহকারী পরিচালক(প্রাণিস্বাস্থ্য ও প্রশাসন) ও সদস্য ইনোভেশন টীম, ডিএলএস, ঢাকা।
২। ড. সৈয়দ আলী আহসান, সহকারী পরিচালক, ইপিডেমিওলজী ইউনিট ও সদস্য ইনোভেশন টীম, ডিএলএস, ঢাকা।
৩। ডাঃ মোঃ রফিকুল ইসলাম, ডিপিডি ও সদস্য ইনোভেশন টীম, ডিএলএস, ঢাকা।
৪। মোঃ শামীম হোসেন, ইউএলও(লীভ/রিজার্ভ) ও সদস্য ইনোভেশন টীম, ডিএলএস, ঢাকা।
৫। ড. এবিএম মুস্তানুর রহমান, ইউএলও(লীভ/রিজার্ভ) ও সদস্য ইনোভেশন টীম, ডিএলএস, ঢাকা।
৬। ডা. শাকিফ-উল আজম, ইউএলও ও সদস্য ইনোভেশন টীম ,সংযুক্তি-সহকারী পরিচালক(প্রাণিস্বাস্থ্য ও প্রশাসন), ডিএলএস , ঢাকা।
৭। মোঃ সোহরাব হোসেন, সদস্য ইনোভেশন টীম, ডিএলএস, ঢাকা।
৮। মোঃ মোখলেছুর রহমান, ভেটেরিনারি সার্জন, জেলা প্রাণী হাসপাতাল, গাজীপুর ও সদস্য, ইনোভেশন টিম।

সদয় জ্ঞাতার্থে অনুলিপি-

১। মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর, ফার্মগেট, ঢাকা।
২। জনাব মোঃ তৌফিকুল আরিফ, যুগ্মসচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।
৩। সচিব মহোদয়ের একান্ত সচিব (ইহা মহোদয়ের সদয় অবগতির জন), মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়।